গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
তথ্য ব্যবস্থাপনা-১ শাখা
**www.sid.gov.bd**

**পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের APA ২০২১-২২ কর্মসম্পাদন সূচকসমূহের ত্রৈমাসিক অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. শাহনাজ আরেফিন, *এনডিসি*<br>সচিব<br>পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ |
| তারিখ ও সময় | : | ০৭ এপ্রিল ২০২২ খ্রি. (বৃহস্পতি), সময়: বেলা ১২.০০ ঘটিকা |
| স্থান | : | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সম্মেলনকক্ষ, ব্লক-১, লেবেল-১০ |
| উপস্থিতি | : | সংযোজনী-ক দ্রষ্টব্য |
| আলোচ্যসূচী | : | (ক) APA টিমের বিগত সভার কার্যবিবরণীর আলোকে গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা;<br>(খ) পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) ২০২১-২০২২ এর কর্মসম্পাদন সূচকসমূহের ত্রৈমাসিক অগ্রগতি পর্যালোচনা;<br>(গ) বিবিধ |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তাঁর অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (প্রশাসন) ও এপিএ টিম লিডার সভাকে জানান যে, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের এপিএ কার্যক্রমের ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ) অগ্রগতি পর্যালোচনার লক্ষ্যে এ সভা আহ্বান করা হয়েছে। অতঃপর তিনি আলোচ্যসূচি অনুসারে গত মাসিক সভায় কার্যবিবরণী মতামতের জন্য সভায় উপস্থাপন করেন। কার্যবিবরণীতে সভায় উপস্থিত সদস্যগণের মতামত না থাকায় তা অনুমোদিত মর্মে গণ্য করা হয়। পরবর্তীতে এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও সিনিয়র সহকারী সচিব মোঃ খন্দকার মাহাবুবুর রহমান-কে এপিএ কার্যক্রম ও সূচক অনুসারে অগ্রগতির প্রতিবেদন উপস্থাপনের জন্য অনুরোধ করেন।

২। আলোচনা: বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) ২০২১-২২ এর যেসকল সূচকের অগ্রগতি সম্পূর্ণ (১০০%) অর্জিত হয়েছে সেসকল সূচক ব্যতিরেকে অন্য সূচকসমূহ আলোচনা করার জন্য সভাপতি অনুরোধ করেন। আলোচনা ও সিদ্ধান্ত নিম্নরূপ:

| কর্মসম্পাদন সূচক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| [১.২.১] কৃষি পরিসংখ্যান বর্ষগ্রন্থ-২০২১ প্রকাশনা ওয়েবসাইটে আপলোড<br>সূচকের মান: ২<br>লক্ষ্যমাত্রা: ৩১/০৫/২০২২ তারিখ<br>অগ্রগতি: চলমান | কৃষি পরিসংখ্যান বর্ষগ্রন্থ-২০২১ প্রকাশনা বিষয়ে সংশ্লিষ্ট বিবিএস এর প্রতিনিধি জানান যে, বিবিএস এবং বিবিএস বহির্ভূত প্রতিষ্ঠান হতে প্রাপ্ত তথ্যসমূহ এন্ট্রি এবং চেকিং সম্পন্ন হয়েছে। তবে মৎস্য ও আবহাওয়া অধিদপ্তর হতে অদ্যাবধি তথ্য পাওয়া যায়নি। তথ্যপ্রাপ্তি সম্পন্ন হলে পরবর্তী কার্যক্রম সম্পন্ন করা হবে। তবে নির্ধারিত সময়ে তথ্য প্রকাশিত হবে মর্মে বিবিএস এর ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভাকে জানান। | যথাসময়ে কৃষি পরিসংখ্যান বর্ষগ্রন্থ-২০২১ প্রকাশনা ওয়েবসাইটে আপলোড করতে হবে। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিবিএস |
| [১.৩.১] মাসিক ভোক্তা মূল্য সূচক (CPI) ও মূল্যস্ফীতির হার (IR) প্রণয়ন ও ওয়েবসাইটে প্রকাশ<br>সূচকের মান: ২<br>লক্ষ্যমাত্রা: ১২<br>অগ্রগতি: ৯ | এ বিষয়ে সভাকে জানানো হয় যে, জুন/২০২১-ফেব্রুয়ারি/২০২২) মাস পর্যন্ত মোট ০৯টি রিপোর্ট ওয়েবসাইটে প্রকাশিত হয়েছে। মার্চ/২০২২ মাসের রিপোর্ট অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়েছে। অবশিষ্ট ৩টি রিপোর্ট যথাসময়ে প্রকাশ করা হবে। | অবশিষ্ট ৩টি রিপোর্ট যথাসময়ে প্রকাশ ও ওয়েবসাইটে আপলোড করতে হবে। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা, SID |

| | | | |
|---|---|---|---|
| [১.৩.২] মাসিক নির্মাণ সামগ্রী মূল্য সূচক (BMPI) প্রণয়ন ও ওয়েবসাইটে প্রকাশ<br>সূচকের মান: ১<br>লক্ষ্যমাত্র: ১২<br>অগ্রগতি: ৯ | এ বিষয়ে সভাকে জানানো হয় যে, জুন/২০২১-ফেব্রুয়ারি/২০২২) মাস পর্যন্ত মোট ০৯টি রিপোর্ট ওয়েবসাইটে প্রকাশিত হয়েছে। অবশিষ্ট ৩টি রিপোর্ট যথাসময়ে প্রকাশ করা হবে। | অবশিষ্ট ৩টি রিপোর্ট যথাসময়ে প্রকাশ ও ওয়েবসাইটে আপলোড করতে হবে। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিবিএস |
| [১.৩.৩] ত্রৈমাসিক বাড়ি ভাড়া সূচক ( HRI ) প্রণয়ন ও ওয়েবসাইটে প্রকাশ<br>সূচকের মান: ১<br>লক্ষ্যমাত্রা: ৪<br>অগ্রগতি: ৩ | সভায় জানানো হয় যে, ৩টি ত্রৈমাসিক সূচক ওয়েবসাইটে প্রকাশিত হয়েছে। ৪র্থ ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ,২০২১-২০২২) এপ্রিল/২২ মাসের মধ্যে প্রকাশ ও ওয়েবসাইটে আপলোড করতে হবে। | ৪র্থ ত্রৈমাসিক সূচক (HRI) এপ্রিল/২০২২ এর ১ম সপ্তাহের মধ্যে প্রণয়ন ও ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা, SID এবং ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিবিএস |
| [১.৫.৩] ত্রৈমাসিক শিল্প উৎপাদন সূচক-ক্ষুদ্র (QIIP-Small Scale) প্রণয়ন ও ওয়েবসাইটে প্রকাশ<br>সূচকের মান: ১<br>লক্ষ্যমাত্র: ৪<br>অগ্রগতি: ৩ | সভায় জানানো হয় যে, ৩টি ত্রৈমাসিক সূচক ওয়েবসাইটে প্রকাশিত হয়েছে। এছাড়া ৪র্থ ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ,২০২১-২২) এপ্রিল/২০২২ মাসের মধ্যে ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। | ৪র্থ ত্রৈমাসিক রিপোর্ট এপ্রিল/২০২২ এর ১ম সপ্তাহের মধ্যে ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিবিএস |
| [১.৬.১] শিল্প উৎপাদন সংক্রান্ত মাসিক রিলিজ প্রকাশনা ওয়েবসাইটে আপলোড<br>সূচকের মান: ১<br>লক্ষ্যমাত্রা: ১২<br>অগ্রগতি: ৯ | সভায় জানানো হয় যে, এপ্রিল/২০২১-ডিসেম্বর/২০২১ মাস পর্যন্ত মোট ৯টি রিপোর্ট ওয়েবসাইটে প্রকাশিত হয়েছে। অবশিষ্ট ৩টি রিপোর্ট যথাসময়ে ওয়েবসাইটে আপলোড করার বিষয়ে আলোচনা হয়। | অবশিষ্ট ৩টি রিপোর্ট ওয়েবসাইটে আপলোড করতে হবে। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিবিএস |
| [১.৭.১] পরিসংখ্যান পকেটবুক -২০২১ ওয়েবসাইটে আপলোড<br>সূচকের মান: ২<br>লক্ষ্যমাত্রা: ২৫/০৫/২০২২ তারিখ<br>অগ্রগতি: চলমান | এ বিষয়ে তথ্য সংগ্রহ এবং এন্ট্রি সম্পন্ন করে পরিসংখ্যান পকেটবুক -২০২১ এর খসড়া প্রস্তুত করা হয়েছে মর্মে সভাকে জানানো হয়। মাননীয় মন্ত্রীর অনুমোদনক্রমে বইটি প্রকাশ করা হবে। | যথাসময়ে রিপোর্ট প্রকাশ করতে হবে। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিবিএস |
| [১.৮.১] 'Selected Statistics of Bangladesh' শীর্ষক ফ্লায়ার প্রকাশকরণ ( ওয়েবসাইটে আপলোড)<br>সূচকের মান: ১<br>লক্ষ্যমাত্রা: ০৫/০৬/২০২২ তারিখ<br>অগ্রগতি: চলমান | এ বিষয়ে বিবিএস এর সংশ্লিষ্ট প্রতিনিধি জানান যে, ফ্লায়ার এর খসড়া প্রস্তুত সম্পন্ন হয়েছে। ফ্লায়ার-এ বিভাগ ও মন্ত্রণালয়ের নাম উল্লেখ করার জন্য সভাপতি নির্দেশ দেন। | যথাসময়ে রিপোর্ট প্রকাশ করতে হবে। রিপোর্টে সার্বিক নির্দেশনায় বিভাগ, মন্ত্রণালয়ের নাম উল্লেখ করতে হবে। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিবিএস |
| [১.৯.১] প্রতি দুই মাসে একটি পরিসংখ্যান বুলেটিন বাংলাদেশ প্রকাশনা ওয়েবসাইটে আপলোড<br>সূচকের মান: ২<br>লক্ষ্যমাত্রা: ৬<br>অগ্রগতি: ৫ | এ বিষয়ে মোট ৫টি রিপোর্ট ওয়েবসাইটে প্রকাশিত হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। অবশিষ্ট ০১টি রিপোর্ট যথসময়ে প্রকাশ করা হবে। সভায় সভাপতি উল্লেখ করেন যে, বুলেটিন প্রকাশ করা হলেও দাপ্তরিকভাবে কোন কপি পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে প্রেরণ করা হয় না। তিনি প্রকাশনা/বুলেটিন এ বিভাগে প্রেরণের জন্য নির্দেশনা দেন। | অবশিষ্ট ০১টি বুলেটিন/ রিপোর্ট যথাসময়ে প্রকাশ করতে হবে এবং প্রকাশিত বুলেটিন বিভাগে প্রেরণ করতে হবে। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিবিএস |
| [২.১.১] মূল শুমারির তথ্য সংগ্রহ কার্যক্রম সম্পন্নকৃত<br><br>[২.১.২] জনশুমারি ও গৃহগণনা ২০২২ এর প্রাথমিক রিপোর্ট অংশীজনদের উপস্থিতিতে | সভাকে জানানো হয় যে, জনশুমারি ও গৃহগণনা সম্পন্ন করার জন্য মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক সারসংক্ষেপ গত ০৩/০৪/২০২২ তারিখ অনুমোদিত হয়। দেশব্যাপী শুমারির কার্যক্রম ১৪ জুন ২০২২ | আগামী ১০-১৬ মে তারিখ পাইলট শুমারি এবং ১৫-২১ জুন ২০২২ তারিখ মূল শুমারি অনুষ্ঠিত হবে। শুমারির কাজে সকলকে | ফোকাল পয়েন্ট কর্মকর্তা, SID ও বিবিএস। |

| | | | |
|---|---|---|---|
| Disseminate কৃত<br><br>[২.১.৩] পাইলট সেন্সাস সম্পন্নকৃত<br>সূচকের মান: ৪ | তারিখ রাত ১২.০০ টা-কে শুমারি রেফারেন্স পয়েন্ট/সময় হিসেবে ধার্য করে ১৫-২১ জুন ২০২২ তারিখ মূলগণনা সম্পন্ন করা হবে। CAPI পদ্ধতিতে এ শুমারির তথ্য ধারণ করা হবে।<br>যেহেতু জনশুমারি ও গৃহগণনা ২০২২ সালে অনুষ্ঠিত হবে সেহেতু এটি জনশুমারি ও গৃহগণনা ২০২২ নামে পরিচালিত হবে। মূল শুমারির পূর্বে পাইলট শুমারি আগামী ১০-১৬ মে সম্পন্ন করা হবে। শুমারি কাজে সকলকে যথাযথভাবে সহযোগিতা করার জন্য সভাপতি নির্দেশ দেন। | সর্বাত্মক সহযোগিতা করতে হবে। | |
| [২.২.১] কৃষি শুমারি ২০১৯ এর স্টিয়ারিং কমিটির সিদ্ধান্ত বাস্তবায়িত<br>সূচকের মান: ২<br>লক্ষ্যমাত্রা: ০৭/০৬/২০২২<br>অগ্রগতি: চলমান | সভায় সংশ্লিষ্ট প্রতিনিধি জানান যে, এ বিষয়ে ১৮ জানুয়ারি ২০২২ তারিখে একটি সভা হয়েছে। উক্ত সভায় ৬টি সিদ্ধান্ত গৃহীত হয়। এর মধ্যে ২টি বাস্তবায়িত এবং ৪টি সিদ্ধান্ত বাস্তবায়নের কাজ চলমান আছে। | অবশিষ্ট সিদ্ধান্তসমূহ নির্ধারিত সময়ে বাস্তবায়ন করতে হবে। | উপসচিব, উন্নয়ন-১ অধিশাখা, SID |
| [২.২.২] কৃষি নমুনা শুমারি ২০২০ এর প্রিলিমিনারী ফাইন্ডিংস প্রকাশিত<br>সূচকের মান: ২<br>লক্ষ্যমাত্রা: ১৩/০৬/২০২২ তারিখ<br>অগ্রগতি: চলমান | এ বিষয়ে সভায় জানানো হয় যে, ৬৪টি জেলার ডাটা এন্ট্রির কাজ শেষ হয়েছে। ক্লিনিং এর কার্যক্রম চলমান রয়েছে। এতদসংক্রান্ত একটি কর্মপরিকল্পনা দাখিলের জন্য সভাপতি নির্দেশনা দেন। | রিপোর্ট প্রকাশ বিষয়ে কর্মপরিকল্পনা দাখিল করতে হবে। | উপসচিব, উন্নয়ন-১ অধিশাখা, SID |
| [২.৩.১] অর্থনৈতিক শুমারি ২০২৩-এর ডিপিপি চূড়ান্তকরণ<br>সূচকের মান: ১<br>লক্ষ্যমাত্রা: ০৭/০৬/২০২২ তারিখ<br>অগ্রগতি: চলমান | প্রকল্পের ডিপিপি চূড়ান্তভাবে প্রণয়নপূর্বক ২৩/০২/২০২২ তারিখে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে মর্মে সভাকে জানানো হয়। | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ প্রকল্পের ডিপিপি চূড়ান্ত করে পরিকল্পনা কমিশনে প্রেরণ করেছে। | লক্ষ্যমাত্রা অর্জিত। |
| [২.৪.১] National Survey on the Persons with Disabilities (NSPD) এর প্রাথমিক রিপোর্ট প্রকাশিত<br>সূচকের মান: ১<br>লক্ষ্যমাত্রা: ২৬/০৬/২০২২<br>অগ্রগতি: চলমান | ৩১/১২/২০২১ তারিখে মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহ সম্পন্ন হয়েছে। বর্তমানে Tabulation Plan এর খসড়া প্রস্তুত করা হয়েছে। দ্রুত রিপোর্ট প্রকাশের লক্ষ্যে বিবিএসকে তাগিদ দেয়ার জন্য সভাপতি নির্দেশ দেন। | দ্রুত রিপোর্ট প্রকাশের জন্য তাগিদ দিতে হবে। | সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা, SID |
| [২.৬.১] Survey on Street Children-2021 এর Methodology ও Survey Tools চূড়ান্তকরণ<br>সূচকের মান: ১<br>লক্ষ্যমাত্রা: ২৩/০৬/২০২২ তারিখ<br>অগ্রগতি: চলমান | কুইক কাউন্ট এর ৫টি কার্যক্রম শেষ হয়েছে। গত ০৪/০৪/২০২২ তারিখ হতে মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহের কাজ শুরু হয়ে ২০/০৪/২০২২ তারিখ পর্যন্ত চলবে। জরিপ কাজ শেষ করে দ্রুত রিপোর্ট প্রকাশের জন্য সভাপতি নির্দেশ দেন। | মাঠ পর্যায়ের তথ্য সংগ্রহের কাজ শেষ করে দ্রুত রিপোর্ট প্রকাশ করতে হবে। | সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিবিএস |
| [২.৭.১] Time Use Survey-2021 এর রিপোর্ট প্রকাশ<br>সূচকের মান: ২<br>লক্ষ্যমাত্রা: ১৯/০৬/২০২২ তারিখ<br>অগ্রগতি: চলমান | প্রিলিমিনারি রির্পোট প্রস্তুত করা হয়েছে এবং রিপোর্টটি ০৬/০৩/২০২২ তারিখের টেকনিক্যাল কমিটির সভায় অনুমোদিত। বর্তমানে রির্পোটটি এডিটিং কমিটিতে প্রেরণ করা হয়েছে। সভাপতি দ্রুততার সাথে রিপোর্ট প্রকাশের পরামর্শ দেন। | যথাসময়ে রিপোর্ট প্রকাশ করতে হবে। | সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিবিএস |
| [২.৮.১] Sample Vital Registration Survey (SVRS) এর রিপোর্ট প্রকাশিত<br>সূচকের মান: ১<br>লক্ষ্যমাত্রা: ২৭/০৬/২০২২ তারিখ<br>অগ্রগতি: চলমান | প্রকল্পের ডিপিপি অনুমোদনের জন্য পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। প্রকল্প অনুমোদিত হলে রিপোর্ট প্রকাশের কাজ শুরু হবে। | যথসময়ে রিপোর্ট প্রকাশ করতে হবে। | সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিবিএস |

| | | | |
|---|---|---|---|
| [২.৯.১] Women and men in Bangladesh: Facts and figures-রিপোর্ট প্রকাশিত<br>সূচকের মান: ১<br>লক্ষ্যমাত্রা: ২৩/০৬/২০২২ তারিখ<br>অগ্রগতি: চলমান | সভাকে জানানো হয় যে, এতদসংক্রান্ত বিষয়ে সেকেন্ডারী ডাটা সংগ্রহ সম্পন্ন হয়েছে । বর্তমানে Indicator নির্ধারণ ও Tabulation প্রণয়নের কার্যক্রম চলমান রয়েছে। | দ্রুত Indicator নির্ধারণ ও Tabulation কার্যক্রম শেষ করতে হবে। | সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিবিএস |
| [২.১০.১] Bangladesh Disaster Related Statistics (BDRS) 2020-এর খসড়া রিপোর্ট প্রকাশিত<br>সূচকের মান: ২<br>লক্ষ্যমাত্রা: ২৩/০৬/২০২২ তারিখ<br>অগ্রগতি: চলমান | সভাকে জানানো হয় যে, এতদসংক্রান্ত বিষয়ে খসড়া রিপোর্ট প্রস্তুত শেষ পর্যায়ে রয়েছে। গত মার্চ, ২০২২-এ Key Findings প্রকাশের কাজ সম্পন্ন হয়েছে। | যথসময়ে চূড়ান্ত রিপোর্ট প্রকাশ করতে হবে। | সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিবিএস |
| [২.১০.৩] Pilot Survey on Sex, Age and Disability Disaggregated Data (SADDD) collection for disaster risk reduction and climate change adaptation-এর মূল রিপোর্ট প্রকাশ<br>সূচকের মান: ১<br>লক্ষ্যমাত্রা: ২৬/০৫/২০২২ তারিখ<br>অগ্রগতি: চলমান | এ বিষয়ে খসড়া রিপোর্ট প্রস্তুত সম্পন্ন হয়েছে। রিপোর্টটি ১০/০৩/২০২২ তারিখ অপরাহ্নে টেকনিক্যাল কমিটির সভায় অনুমোদিত হয়। | যথসময়ে রিপোর্ট প্রকাশ করতে হবে। | সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিবিএস |
| [৩.১.১] NDCC'র সভা অনুষ্ঠিত<br><br>[৩.১.২] NDCC'র সভার সিদ্ধান্ত বাস্তবায়ন<br><br>সূচকের মান: ৪ | NDCC বিষয়ে ৩০-০৯-২০২১ ও ৩০-১২-২০২১, ৩১/০৩/২০২২ তারিখে ৩টি সভা হয়েছে। ২৮/০৬/২১ তারিখে অনুষ্ঠিত সভার ৬ টি সিদ্ধান্তের মধ্যে ৫টি সিদ্ধান্ত বাস্তবায়িত এবং ৩০/০৯/২১ তারিখে অনুষ্ঠিত সভার ১১টি সিদ্ধান্তের মধ্যে ১০টি বাস্তবায়িত। অর্থাৎ মোট ১৭টির মধ্যে ১৫টি সিদ্ধান্ত বাস্তবায়িত হয়েছে। | অবশিষ্ট সিদ্ধান্ত যথাসময়ে বাস্তবায়ন করতে হবে। | সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা, SID |
| [৩.২.১] SDG Tracker বিষয়ে উপাত্ত প্রদানকারী ও অনুমোদনকারীগণকে প্রশিক্ষণ প্রদান<br>সূচকের মান: ১<br>লক্ষ্যমাত্রা: ৯০ জন<br>অগ্রগতি: ১২২ জন | আলোচনাকালে সভাকে জানানো হয় যে, ৯০ জন কর্মকর্তা/কর্মচারীকে প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা ছিল। এ পর্যন্ত ১২২ জনকে প্রশিক্ষণ দেয়া হয়েছে। | প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা, SID |
| [৩.৩.১] এসডিজি ট্র্যাকার, এসডিজি স্থানীয়করণসহ অন্যান্য বিষয়ে ওয়ার্কশপ আয়োজিত<br>সূচকের মান: ১<br>লক্ষ্যমাত্রা: ৪<br>অগ্রগতি: ৪ | এ বিষয়ে চারটি ওয়ার্কশপের লক্ষ্যমাত্রা ছিল। ৪টি ওয়ার্কশপ সম্পন্ন হয়েছে, ওয়ার্কশপের মান বাড়ানোর জন্য সভাপতি নির্দেশনা দেন। | ওয়ার্কশপের মান বাড়াতে হবে। | সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা, SID |
| [৩.৪.১] ন্যাশনাল পপুলেশন রেজিস্টার (এনপিআর) বিষয়ে অংশীজনদের অবহিতকরণ সভা/সেমিনার অনুষ্ঠিত<br>সূচকের মান: ১<br>লক্ষ্যমাত্রা: ২<br>অগ্রগতি: ২ | সভাকে জানানো হয় যে, লক্ষ্যমাত্রা অনুসারে ২টি অবহিতকরণ সভা/সেমিনার অনুষ্ঠিত হয়েছে (১৯ মে ২০২১ ও ১০ ফেব্রুয়ারি ২০২২)। | লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। | সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিবিএস |

| | | | |
|---|---|---|---|
| [৩.৫.১] খসড়া আইসিটি পরিকল্পনা (Draft ICT Plan) প্রস্তুত<br>সূচকের মান: ১<br>লক্ষ্যমাত্রা: ২০/০৬/২০২২ তারিখ<br>অগ্রগতি: চলমান | সভাকে জানানো হয় যে, খসড়া আইসিটি পরিকল্পনা (Draft ICT Plan) প্রস্তুত করা হয়েছে এবং এর কপি বিভাগে প্রেরণ করা হয়েছে। | আইসিটি পরিকল্পনার খসড়ার বিষয়ে সভাপতিকে অবহিত করতে হবে। | সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিবিএস |
| [৩.৮.১] ওজিডি এর ওয়েবপোর্টালে ডাটাসেট আপলোডকরণ<br>সূচকের মান: ১<br>লক্ষ্যমাত্রা: ৮<br>অগ্রগতি: ৬ | সভাকে জানানো হয় যে, জানুয়ারি-মার্চ ২০২২ সময়ে HIES এর ডাটা আপলোড করা হয়েছে। মোট ৬টি ডাটাসেট আপলোড করা হয়েছে। | অবশিষ্ট ডাটা যথাসময়ে আপলোড করতে হবে। | সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিবিএস |
| [৩.৯.১] সরবরাহকৃত ডাটাসেট<br>সূচকের মান: ১<br>লক্ষ্যমাত্রা: ৬০<br>অগ্রগতি: ৬৭% | আলোচনাকালে সভাকে অবহিত করা হয় যে, অক্টোবর- ডিসেম্বর,২০২১ সময়ে প্রাপ্ত ১৫টি আবেদনের প্রেক্ষিতে ১০টি ডাটাসেট সরবরাহ করা হয়েছে । জানুয়ারি, ২০২২ এ ১০টি আবেদনের প্রেক্ষিতে ৮টি ডাটাসেট সরবরাহ করা হয়েছে। এর মধ্যে ৫ জন ক্রয় করেছেন এবং ৩ জনকে বিনামূল্যে সরবরাহ করা হয়েছে। মোট বিক্রয়মূল্য ৩৭,০০০/- টাকা। | বিধি পালনপূর্বক ডাটাসেট সরবরাহ অব্যাহত রাখতে হবে। | সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিবিএস |
| [৩.১০.১] সমসাময়িক বিষয় নিয়ে নলেজ শেয়ারিং সেশন অনুষ্ঠিত<br>সূচকের মান: ১<br>লক্ষ্যমাত্রা: ৬<br>অগ্রগতি: ৪ | সভাকে অবহিত করা হয় যে, অক্টোবর/২০২১ মাসে একটি, নভেম্বর/২০২১ মাসে দুইটি, জানুয়ারি/২০২২ মাসে একটি মোট চারটি নলেজশেয়ারিং সেশন অনুষ্ঠিত হয়েছে। এপ্রিল/২০২২ মাসে অবশিষ্ট ২টি নলেজ শেয়ারিং অনুষ্ঠিত হবে। | অবশিষ্ট নলেজ শেয়ারিং সেশন যথাসময়ে সম্পন্ন করতে হবে। | সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা, SID (প্রশিক্ষণ শাখা) |
| [৪.১.১] উৎপাদন পদ্ধতিতে জাতীয় আয়ের চলতি বছরের প্রস্তুতকৃত প্রাথমিক প্রাক্কলন এবং পূর্ববর্তী বছরের প্রাক্কলন চূড়ান্তকরণ<br>সূচকের মান: ২<br>লক্ষ্যমাত্রা: ২৫/০৫/২০২২ তারিখ | সভাকে অবহিত করা হয় যে, ২০২০-২১ অর্থবছরের প্রাক্কলন চূড়ান্তকরণের কাজ সম্পন্ন হয়েছে।<br><br>২০২১-২২ অর্থবছরের সাময়িক হিসাব প্রাক্কলনের কাজ চলছে। নির্দিষ্ট সময়ে কাজ সম্পন্ন হবে। | কর্মসম্পাদন চুক্তি অনুসারে প্রাক্কলন চূড়ান্ত করতে হবে। | সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিবিএস |
| [৪.১.২] ব্যয় পদ্ধতিতে জাতীয় আয়ের চলতি বছরের প্রস্তুতকৃত প্রাথমিক প্রাক্কলন এবং পূর্ববর্তী বছরের প্রাক্কলন চূড়ান্তকরণ<br>সূচকের মান: ২<br>লক্ষ্যমাত্রা: ২৬/০৫/২০২২ তারিখ | সভাকে অবহিত করা হয় যে, ২০২০-২১ অর্থবছরের প্রাক্কলন চূড়ান্তকরণের কাজ সম্পন্ন হয়েছে।<br><br>২০২১-২২ অর্থবছরের সাময়ি হিসাব প্রাক্কলনের কাজ চলছে। নির্দিষ্ট সময়ে কাজ সম্পন্ন হবে। | কর্মসম্পাদন চুক্তি অনুসারে প্রাক্কলন চূড়ান্ত করতে হবে। | সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিবিএস |
| [৪.২.১] ন্যাশনাল একাউন্টস স্ট্যাটিসটিকস প্রকাশনা ওয়েবসাইটে প্রকাশ<br>সূচকের মান: ২<br>লক্ষ্যমাত্রা: ২৫/০৫/২০২২ তারিখ | সভাকে জানানো হয় যে, এতদসংক্রান্ত বিষয়ে প্রকাশনা প্রস্তুতের কাজ চলছে। নির্দিষ্ট সময়ে কাজ শেষ হবে। | যথাসময়ে রিপোর্ট প্রকাশ করতে হবে। | সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিবিএস |
| [৪.৩.১] বৈদেশিক বাণিজ্য পরিসংখ্যান বর্ষগ্রন্থ, ২০২০-২০২১ ওয়েবসাইটে আপলোড<br>সূচকের মান: ২<br>লক্ষ্যমাত্রা: ২৫/০৫/২০২২ তারিখ | সভাকে জানানো হয় যে, বৈদেশিক বাণিজ্য পরিসংখ্যান বর্ষগ্রন্থ ২০২০-২১ সংক্রান্ত প্রকাশনাটি এডিটর'স ফোরামের সভায় অনুমোদন করে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে প্রেরণ করা হয়েছে। | যথাসময়ে বৈদেশিক বাণিজ্য পরিসংখ্যান প্রকাশ করতে হবে। | সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিবিএস |

| | | | |
|---|---|---|---|
| [৪.৩.২] মাসিক বৈদেশিক বাণিজ্য পরিসংখ্যান সংক্রান্ত রিলিজ<br>সূচকের মান: ১<br>লক্ষ্যমাত্রা: ১২<br>অগ্রগতি: ৯ | সভাকে জানানো হয় যে, সূচকের ৯টি প্রকাশনাই সম্পাদনা ও প্রকাশ করা হয়েছে। | অবশিষ্ট পরিসংখ্যান প্রকাশনা যথাসময়ে রিলিজ করতে হবে। | সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিবিএস |
| [৪.৪.১] পরিসংখ্যান বর্ষগ্রন্থ ২০২১ ওয়েবসাইটে আপলোড<br>সূচকের মান: ২<br>লক্ষ্যমাত্রা: ১৫/০৬/২০২২ তারিখ | পরিসংখ্যান বর্ষগ্রন্থ -২০২১ প্রস্তুতের লক্ষ্যে তথ্য সংগ্রহ সম্পন্ন হয়েছে। বর্তমানে ডাটা এন্ট্রি কার্যক্রম চলমান রয়েছে। | পরিসংখ্যান বর্ষগ্রন্থ -২০২১ যথাসময়ে ওয়েবসাইটে আলোড করতে হবে। | সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিবিএস |

## সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ

### [এম ১.] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত

| কর্মসম্পাদন সূচক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | ১. প্রতিষ্ঠানিক ব্যবস্থা | | |
| [১.১] নৈতিকতা কমিটির সভা আয়োজিত<br>সূচকের মান: ৪<br>লক্ষ্যমাত্রা: ৪<br>অগ্রগতি: ৩ | নৈতিকতা কমিটির ১ম সভা ২৮/০৯/২০২১, ২য় সভা ৩০/১২/২০২১, ৩য় সভা ০৬/ ০২/২০২২ তারিখে অনুষ্ঠিত হয়েছে। পরবর্তী সভা ৪র্থ কোয়ার্টারে সম্পন্ন করার বিষয়ে আলোচনা হয়। | পরবর্তী সভা যথাসময়ে সম্পন্ন করতে হবে। | সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা, SID |
| [১.২] নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়িত<br>সূচকের মান: ৬<br>লক্ষ্যমাত্রা: ১০০%<br>অগ্রগতি: ৮৯% | সভাকে জানানো হয় যে, ৩য় নৈতিকতা কমিটির সভায় ১৮ সিদ্ধান্ত গৃহীত হয়েছে। তন্মধ্যে ১২টি সিদ্ধান্ত বাস্তবায়িত হয়েছে। অবশিষ্ট ৬টি চলমান রয়েছে। | অবশিষ্ট সিদ্ধান্তসমূহ যথাসময়ে বাস্তবায়ন করতে হবে। | সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা, SID |
| [১.৩] সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে অনুষ্ঠিত সভা<br>সূচকের মান: ২<br>লক্ষ্যমাত্রা: ২<br>অগ্রগতি: ২ | সভাকে জানানো হয় যে, এ বিষয়ে ২টি সভায় অনুষ্ঠিত হওয়ায় লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। | - | সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা, SID |
| [১.৫] কর্ম-পরিবেশ উন্নয়ন (স্বাস্থ্যবিধি অনুসরণ/টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/পরিস্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি ইত্যাদি)<br>সূচকের মান: ২<br>লক্ষ্যমাত্রা: ৪<br>অগ্রগতি: ৩ | ১ম কোয়ার্টারে স্বাস্থ্যবিধি অনুসরণ, ২য় কোয়াটারে অকেজো মালামাল বিনষ্টকরণ, ৩য় কোয়াটারে পরিস্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধিকরণ সংক্রান্ত প্রতিবেদন দাখিল করা হয়েছে। সকল প্রমাণক এপিএ শাখায় প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে সভাপতি নির্দেশনা দেন। | প্রতিবেদনের প্রমাণক প্রমাণক এপিএ শাখায় প্রেরণ করতে হবে। | সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা, SID |
| [১.৭] আওতাধীন দপ্তর/সংস্থা (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক সভা/কর্মশালা অনুষ্ঠিত<br>সূচকের মান: ৪<br>লক্ষ্যমাত্রা: ৪<br>অগ্রগতি: ৩ | ৩০/০৪/২০২২ তারিখে যুগ্মসচিব (বাজেট)-এর সভাপতিত্বে ফিডব্যাক সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভা অনুষ্ঠিত হলে লক্ষ্যমাত্রা ১০০% অর্জিত হবে। | পরবর্তী ফিডব্যাক সভা যথাসময়ে আয়োজন করতে হবে। | সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা, SID |
| [১.৮] শুদ্ধাচার পুরস্কার প্রদান এবংপুরস্কারপ্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ<br>সূচকের মান: ১<br>লক্ষ্যমাত্রা: ১৫/০৬/২০২২ তারিখ | এ বিষয়ে নীতিমালা অনুসারে পুরস্কার প্রদানের উদ্দেশ্যে SID ও বিবিএস এর সম্ভাব্য কর্মচারীগণের তালিকা প্রণয়ন করার জন্য সভাপতি নির্দেশনা দেন। | নীতিমালা অনুষরণে সম্ভাব্য পুরস্কার প্রাপ্তদের তালিকা প্রণয়ন করতে হবে। | সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা, SID |

| | | | |
|---|---|---|---|
| ২. আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন | | | |
| [২.১] ২০২১-২২ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা (প্রকল্পের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনাসহ) ওয়েবসাইটে প্রকাশিত।<br>সূচকের মান: ২<br>লক্ষ্যমাত্রা: ৩১/০৭/২০২১ তারিখ<br>অগ্রগতি: ১০০% | এ বিভাগের ২০২১-২০২২ অর্থবছরের ক্রয় পরিকল্পনা ১৫/০৭/২০২১ তারিখে ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। | - | সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা, SID |
| [২.২] প্রকল্পের PSC সভা আয়োজিত।<br>সূচকের মান: ২<br>লক্ষ্যমাত্রা: ১৬<br>অগ্রগতি: ১২ | প্রথম ৩ কোয়ার্টারে প্রকল্পের ১২টি PSC সভা অনুষ্ঠিত হয়েছে। অবশিষ্ট ৪টি সভা যথাসময়ে সম্পন্ন করার জন্য সভাপতি নির্দেশনা দেন। | অবশিষ্ট ৪টি সভা যথাসময়ে আয়োজন করতে হবে। | সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা, SID |
| [২.৩] বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ণ।<br>কর্মসম্পাদন সূচক: বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়িত।<br>সূচকের মান: ২<br>লক্ষ্যমাত্রা: ৮০%<br>অগ্রগতি: ৩.৯৪% | উন্নয়ন প্রকল্পের মোট অগ্রগতি ৩.৯৪% এবং জনশুমারি প্রকল্প ব্যতীত অন্য প্রকল্পসমূহের অগ্রগতি ৩৬.০৭%। এর প্রেক্ষিতে অতিরিক্ত সচিব (উন্নয়ন) সভাকে অবহিত করেন যে, জুন/২০২২ মাসে জনশুমারি ও গৃহগণনা ২০২২ কার্যক্রম সম্পন্ন হলে অগ্রগতি বৃদ্ধি পাবে। | এডিপি বাস্তবায়ন অগ্রগতির হার বৃদ্ধি করতে হবে। | সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা, SID |
| [২.৪] প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করা।<br>কর্মসম্পাদন সূচক: প্রকল্পের সম্পদ বিধি মোতাবেক হস্তান্তরিত<br>সূচকের মান: ২<br>লক্ষ্যমাত্রা: ৩০/০৬/২০২২ তারিখ | সভাকে অবহিত করা হয় যে, সমাপ্ত Stat4Dev. প্রকল্পের সম্পদের বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। বর্তমানে সমাপ্ত প্রকল্পের গাড়ি কি অবস্থায় আছে এবং পরবর্তীতে কি করা হবে তা জানিয়ে মন্ত্রিপরিষদ বিভাগকে পত্র প্রেরণের জন্য সভাপতি নির্দেশনা দেন। | সমাপ্ত প্রকল্পের গাড়ি কি অবস্থায় আছে এবং পরবর্তীতে কি করা হবে তা জানিয়ে মন্ত্রিপরিষদ বিভাগকে পত্র প্রেরণ করতে হবে। | সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা, SID |
| ৩. শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম | | | |
| [৩.১] ইজিপির মাধ্যমে ক্রয়কার্য সম্পাদন<br>সূচকের মান: ৪<br>লক্ষ্যমাত্রা: ৩০%<br>অগ্রগতি: ৪৭.৫০% | সভাকে জানানো হয় যে, লক্ষ্যমাত্রার চেয়ে অগ্রগতি বেশি অর্জিত হয়েছে। | অগ্রগতি সম্পন্ন। | সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা, SID |
| [৩.২] শুদ্ধাচার বিষয়ক উদ্বুদ্ধকরণ সভা<br>কর্মসম্পাদন সূচক: সভা আয়োজিত<br>সূচকের মান: ৪<br>লক্ষ্যমাত্রা: ৪<br>অগ্রগতি: ৩ | সভাকে অবহিত করা হয় যে, ৩০ মার্চ ২০২২ এ ৩য় শুদ্ধাচার বিষয়ক উদ্বুদ্ধকরণ সভা অনুষ্ঠিত হয়। শেষ প্রান্তিকে ৪র্থ সভা অনুষ্ঠানের বিষয়ে আলোচনা হয়। | যথাসময়ে সভা আয়োজন করতে হবে। | সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা, SID |

| | | | |
|---|---|---|---|
| [৩.৩] পরিসংখ্যান ভবনে নিরাপত্তা ও পরিস্কার-পরিচ্ছনতা কার্যক্রমের বিভিন্ন বিষয় ফোকাল পয়েন্ট কর্মকর্তা কর্তৃক মনিটরিং করণ।<br>কর্মসম্পাদন সূচক: ভবনে নিরাপত্তা ও পরিস্কার পরিচ্ছন্নতা নিশ্চিতকরণ<br>সূচকের মান: ৪<br>লক্ষ্যমাত্রা: ১২<br>অগ্রগতি: ৮ | সভাকে জানানো হয় যে, নিরাপত্তা ও পরিস্কার পরিচ্ছন্নতার বিষয়ে ১২ মাসে ১২টি প্রতিবেদন দাখিল করতে হবে। ইতোমধ্যে ৮টি প্রতিবেদন দাখিল করা হয়েছে। মার্চ/২০২২ মাসের প্রতিবেদনসহ সকল প্রতিবেদনের কপি এপিএ শাখায় জমা দেয়ার জন্য সভাপতি নির্দেশ দনে। | দাখিলকৃত প্রতিবেদন এপিএ শাখায় দাখিল করতে হবে। | সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা, SID |
| [৩.৪] জনগণের তথ্য অধিকার প্রাপ্তি সহজলভ্য করার নিমিত্ত কর্মশালা আয়োজন।<br>কর্মসম্পাদন সূচক: কর্মশালা আয়োজিত<br>সূচকের মান: ৪<br>লক্ষ্যমাত্রা: ১ | এ বিষয়ে এখনো কর্মশালা আয়োজন করা হয়নি। তবে এ অর্থবছরের মধ্যে কর্মশালার আয়োজন করা হবে মর্মে সভাকে জানানো হয়। যেহেতু RTI এর কার্যক্রম এপিএ শাখা হতে সম্পন্ন হয় সেহেতু কর্মশালাটি এপিএ শাখা হতেই আয়োজন করার জন্য সভাপতি নির্দেশ দেন। | এপিএ শাখা হতে RTI এর কর্মশালা আয়োজন করতে হবে। | সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা, SID |
| [৩.৫] সরকারি সম্পদ ব্যবহারে মিতব্যয়ীতা অবলম্বন বিষয়ক প্রশিক্ষণ আয়োজন।<br>কর্মসম্পাদন সূচক: প্রশিক্ষণ আয়োজিত<br>সূচকের মান: ৪<br>লক্ষ্যমাত্রা: ১<br>অগ্রগতি: ১০০% | মিতব্যয়ীতা অবলম্বন বিষয়ে গ্রেড ১০-১৬ ভূক্ত কর্মচারীগণের একটি এবং গ্রেড ১৭-২০ ভূক্ত কর্মচারীগণের একটি প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে বলে সভাকে অবহিত করা হয়। | যথাসময়ে সকল প্রশিক্ষণ সম্পন্ন করা হয়েছে। | সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা, SID |

## [এম ২] ই-গভর্ন্যান্স/উদ্ভাবন কর্মপরিকল্পনা

| কর্মসম্পাদন সূচক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| **[১] ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন সংক্রান্ত কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ** | | | |
| [২.১.১] একটি নতুন উদ্ভাবনী ধারণা বাস্তবায়িত<br>সূচকের মান: ৫<br>লক্ষ্যমাত্রা: ১৬/০৩/২০২২ তারিখ<br>অগ্রগতি: ১৬/০৩/২০২২ | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের আওতাধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক প্রস্তুত ও সর্বশেষ হালনাগাদকৃত Geo-Code অন্যান্য মন্ত্রণালয়/ বিভাগ ও সংস্থায় ব্যবহারের সুবিধার্থে ইনোভেশন কর্মপরিকল্পনা ২০২১-২২ এর আওতায় একটি Application Programming Interface (API) প্রস্তুত করা হয়েছে। গত ০১/০৩/২০২২ তারিখে ইনোভেশন টিমের সভায় বিভিন্ন ফিচারসহ ডেমু প্রদর্শিত হলে সকলের মতামতের ভিত্তিতে অ্যাপ্লিকেশনটি প্রাথমিকভাবে অনুমোদনের জন্য সুপারিশ করা হয়। পরবর্তীতে ১৬/০৩/২০২২ তারিখে API টি উন্মুক্তকরণের ব্যবস্থা গ্রহণের জন্য একটি অফিস আদেশ জারি করা হয়। | যথাসময়ে অফিস আদেশ জারি করা হয়েছে। | সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা, SID |
| [২.১.২] একটি সেবা সহজিকৃত<br>সূচকের মান: ৫<br>লক্ষ্যমাত্রা: ২৫/০২/২০২২ তারিখ<br>অগ্রগতি: ১০০% | সভায় জানানো হয় যে, বাজেট অধিশাখা হতে প্রাপ্ত প্রস্তাব অনুযায়ী "কর্মচারীদের জন্য ঋণ মঞ্জুরী" সেবাটি সহজিকরন করা হয়েছে। ২০/০২/২০২২ তারিখে অনুষ্ঠিত ইনোভেশন টিমের সভায় সহজিকৃত প্রসেস ম্যাপের বিষয়ে বিস্তারিত পর্যালোচনা শেষে | | |

| | | | |
|---|---|---|---|
| | খসড়া অনুমোদন করা হয়। এ বিষয়ে সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের চূড়ান্ত অনুমোদন নিয়ে ২৪/০২/২০২২ তারিখে সহজিকৃত প্রসেস ম্যাপসহ একটি অফিস আদেশ জারি করে সংশ্লিষ্ট শাখাকে দায়িত্ব প্রদান করা হয়েছে। বর্তমানে প্রসেস ম্যাপ অনুসরন করে ঋণ প্রদানের ব্যবস্থা নেয়া হয়েছে। | অগ্রগতি সম্পন্ন। | সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা, SID |
| [২.১.৩] ন্যূনতম একটি সেবা ডিজিটাইজকৃত<br>সূচকের মান: ৫<br>লক্ষ্যমাত্রা: ৩০/১২/২০২১ তারিখ<br>অগ্রগতি: ১০০% | স্ট্যাটিস্টিক্যাল হাইলাইটস সেবাটি ডিজিটাল সেবা হিসেবে বাস্তবায়ন করা হয়েছে। সেবাটি সচল রাখা ও যথাযথভাবে পরিচালনার লক্ষ্যে ইতোমধ্যে একটি অফিস আদেশ জারি করা হয়। ০৩/০৩/২০২২ তারিখে সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় এ সেবাটি উপস্থাপন করা হয়। | অগ্রগতি সম্পন্ন। | সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা, SID |
| [২.১.৪] ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা সংক্রান্ত পর্যালোচনা সভা আয়োজিত<br>সূচকের মান: ৪<br>লক্ষ্যমাত্রা: ৩০/০৮/২০২১ তারিখ<br>অগ্রগতি: ১০০% | ২৫/০৮/২০২১ তারিখে এ বিষয়ে একটি পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। | অগ্রগতি সম্পন্ন। | সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা, SID |
| [২.১.৫] ই-ফাইলে নোট নিষ্পত্তিকৃত<br>সূচকের মান: ৬<br>লক্ষ্যমাত্রা: ৮০%<br>অগ্রগতি: ৭৩.৮% | A2I এর প্রতিবেদন ও সমন্বয় শাখা হতে প্রাপ্ত প্রমাণক অনুযায়ী (জুলাই-ডিসেম্বর)'২০২১-এ ই-নথিতে নথি নিষ্পত্তির হার ৫৮.৯%। জানুয়ারি'২০২২ মাসে ই-নথিতে নথি নিষ্পত্তির হার ৮৭.৭৯%। ফেব্রুয়ারি'২০২২ মাসে ই-নথিতে নোট নিষ্পত্তির হার ৮৪.০০%। মার্চ/২০২২ মাসে ই-নথিতে নোট নিষ্পত্তির হার ৮৬.০০%। জুলাই/২০২১ হতে মার্চ/২০২২ মাসে ই-নথিতে নোট নিষ্পত্তির হার ৭৩.৮%। | ই-ফাইলিং এর অগ্রগতি বৃদ্ধি করতে হবে। | সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা , SID |
| [২.১.৬] ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে অবহিতকরণ সভা/কর্মশালা আয়োজিত<br>সূচকের মান: ৪<br>লক্ষ্যমাত্রা: ৪<br>অগ্রগতি: ৩ | সভায় অবহিত করা হয় যে, ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে ২৬/০৯/২০২১, ২৫/১১/২০২১ ও ০৬/০৪/২০২২ তারিখে ৩ (তিন) টি অবহিতকরণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। অবশিষ্ট ১ (এক) টি কর্মশালা চলতি মাসের ১০/০৪/২০২২ তারিখে অনুষ্ঠিত হবে। | যথাসময়ে কর্মশালা আয়োজন করতে হবে। | সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা, SID |
| **[২] প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি** | | | |
| [২.১.১-২.১.২] তথ্য বাতায়নে সকল সেবা বক্স হালনাগাদকৃত।<br>সূচকের মান: ৬<br>লক্ষ্যমাত্রা: ৪<br>অগ্রগতি: ৩ | সভায় জানানো হয় যে, তথ্যবাতায়ন হালনাগাদ সম্পর্কিত ৩ (তিন) টি ত্রৈমাসিক (জুলাই-ডিসেম্বর, ২০২১ ও জানুয়ারি-মার্চ, ২০২২) প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। তথ্য বাতায়ন হালনাগাদ করার লক্ষ্যে দায়িত্ব বণ্টন করে ০৫/০৪/২০২২ তারিখ অফিস আদেশ জারি করা হয়েছে। | অবশিষ্ট প্রতিবেদন যথাসময়ে প্রেরণ করতে হবে। | সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| [২.২.১-২.২.৪] ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজিত<br>সূচকের মান: ১২<br>লক্ষ্যমাত্রা: ৪<br>অগ্রগতি: ২ | প্রশিক্ষণ ক্যালেন্ডার অনুযায়ী ৮/১২/২০২১ ও ১২/১২/২০২১ তারিখে ০২ (দুই)টি প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। অবশিষ্ট ২ (দুই) টি প্রশিক্ষণ এ বিভাগের প্রশিক্ষণ/সেমিনার ক্যালেন্ডারে অন্তর্ভূক্ত করা হয়েছে। চলতি মাসে ০২ (দুই) টি প্রশিক্ষণ শিডিউলভুক্ত আছে। এ প্রেক্ষিতে প্রশিক্ষণের বক্তা এবং অংশগ্রহকারীদের তালিকাসহ কর্মপরিকল্পনা দাখিল করার জন্য সভাপতি নির্দেশনা দেন। | অবশিষ্ট প্রশিক্ষণ যথসময়ে সম্পন্ন করতে হবে। | সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা, SID |
| [২.২.৫] দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্যোগ পরিদর্শনকৃত<br>সূচকের মান: ৩<br>লক্ষ্যমাত্রা: ৩০/০৫/২০২২ তারিখ<br>অগ্রগতি: চলমান | সভাকে অবহিত করা হয় যে, প্রথমিকভাবে ইনোভেশন টিমের সভায় বিষয়টি উপস্থাপিত হয়েছে। পরবর্তী সভায় সুপারিশ করা হবে। এ বিষয়ে একটি Action Plan প্রণয়নপূর্বক দাখিলের জন্য সভাপতি নির্দেশ দেন। | Action Plan দাখিল করতে হবে। | সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা, SID |

## [এম ৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সংক্রান্ত কর্মপরিকল্পনা

| কর্মসম্পাদন সূচক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | **পরিবীক্ষণ ও সক্ষমতা উন্নয়ন** | | |
| [২.১] নির্দিষ্ট সময়ে অনলাইন/অফলাইনে প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তি এবং নিষ্পত্তি সংক্রান্ত মাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ ও অভিযোগ নিষ্পত্তিকৃত<br>সূচকের মান: ৮<br>লক্ষ্যমাত্রা: ৯০%<br>অগ্রগতি: ১০০% | আলোচনাকালে সভাকে জানানো হয় যে, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগাধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো হতে যেসকল তথ্য প্রকাশ করা হয় সেসকল প্রকাশিত তথ্যের বিষয়ে কোন অভিযোগ থাকলে তা জানানোর জন্য সকল মন্ত্রণালয়/বিভাগকে পত্র দেওয়া হয়েছে। দুইটি মন্ত্রণালয় তাদের অভিযোগ নেই মর্মে জানিয়েছে। | লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। | সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা, SID |
| [২.২] কর্মকর্তা/কর্মচারীদের অভিযোগ প্রতিকার ব্যবস্থা এবং জিআরএস সফটওয়্যার বিষয়ক প্রশিক্ষণ আয়োজিত<br>সূচকের মান: ৫<br>লক্ষ্যমাত্রা: ৪<br>অগ্রগতি: ২ | এই বিষয়ে দুইটি প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। অবশিষ্ট দুইটি প্রশিক্ষণ যথাসময়ে অনুষ্ঠানের বিষয়ে আলোচনা হয়। | যথাসময়ে প্রশিক্ষণের আয়োজন করতে হবে। | সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা, SID |
| [২.৪] অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহতিকরণ সভা অনুষ্ঠিত<br>সূচকের মান: ৪<br>লক্ষ্যমাত্রা: ২<br>অগ্রগতি: ২ | সভায় জানানো হয় যে, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহতিকরণ সংক্রান্ত ২টি সভা অনুষ্ঠিত হয়েছে বিধায় নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। | সভার নোটিশ, কার্যবিবরণী ও হাজিরাসহ লক্ষ্যমাত্রা অর্জিত হওয়ার প্রমাণক মন্ত্রিপরিষদ বিভাগে উপস্থাপন করতে হবে। | সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা, SID |

## [এম ৪] সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা

| কর্মসম্পাদন সূচক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| **প্রাতিষ্ঠানিক**<br>[১.১] সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন<br>সূচকের মান: ৫<br>লক্ষ্যমাত্রা: -<br>অগ্রগতি: ১ | সভায় জানানো হয় যে, সেবা প্রদান প্রতিশ্রুতি কমিটি সংশোধন করে ২৯-০৩-২০২২ তারিখ এ সংক্রান্ত কমিটি পুনর্গঠন করা হয়েছে। সে অনুযায়ী ৩১/০৩/২০২২ তারিখে এ সংক্রান্ত কমিটির একটি সভা অনুষ্ঠিত হয়। সভার সিদ্ধান্ত যথাযথভাবে বাস্তবায়ন করা হচ্ছে। | সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত কমিটির ৩১/০৩/২০২২ তারিখের সভার গৃহীত সিদ্ধান্ত দ্রুত বাস্তবায়ন করতে হবে। | সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা, SID |
| [১.২] সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকরণ<br>সূচকের মান: ৫<br>লক্ষ্যমাত্রা: ৪<br>অগ্রগতি: ১০০% | | | |
| **সক্ষমতা অর্জন ও পরিবীক্ষণ**<br>[২.১] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ আয়োজন<br>সূচকের মান: ১০<br>লক্ষ্যমাত্রা: ৪<br>অর্জন: ৩ | সভায় জানানো হয় ৪টি প্রশিক্ষণের মধ্যে ৩টি প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। অবশিষ্ট ১টি প্রশিক্ষণ যথাসময়ে অনুষ্ঠিত হবে। | অবশিষ্ট প্রশিক্ষণ কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করত যথানিয়মে প্রমাণক দাখিল করতে হবে। | |
| [২.২] সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন<br>সূচকের মান: ৫<br>লক্ষ্যমাত্রা: ২<br>অগ্রগতি: ১ | সভাকে জানানো হয় যে, ৩১ মার্চ ২০২২ মাসে স্টেকহোল্ডারদের সমন্বয়ে ১টি অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়েছে। | লক্ষমাত্রা অনুযায়ী সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সংক্রান্ত অবশিষ্ট সভা দ্রুত আয়োজন করতে হবে। | |

## [এম ৫] তথ্য অধিকার বিষয়ে ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মপরিকল্পনা

| কর্মসম্পাদন সূচক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| **প্রাতিষ্ঠানিক**<br>[১.১] তথ্য অধিকার আইন অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রদান<br>[১.১.১] নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রদানকৃত<br>সূচকের মান: ১০<br>লক্ষ্যমাত্রা: ১০০%<br>অগ্রগতি: ১০০% | তথ্য অধিকার সংক্রান্ত ১টি আবেদনের প্রেক্ষিতে তথ্য অধিকার আইন অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রদান করা হয়েছে। | অর্জিত লক্ষ্যমাত্রার প্রমাণক যথাসময়ে ও যথানিয়মে দাখিল করতে হবে। | সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা, SID |
| **সক্ষমতা বৃদ্ধি**<br>[১.২] স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ<br>[১.২.১] হালনাগাদকৃত তথ্য ওয়েবসাইটে প্রকাশিত<br>সূচকের মান: ৩<br>লক্ষ্যমাত্রা: ২১/১২/২০২১ তারিখ<br>অগ্রগতি: ৩ | স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশিত হয়েছে। | | |

| | | | |
|---|---|---|---|
| [১.৫] তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ<br>[১.৫১] প্রচার কার্যক্রম সম্পন্ন<br>সূচকের মান: ৩<br>লক্ষ্যমাত্রা: ৩<br>অগ্রগতি: ২ | আলোচনাকালে জানানো হয় যে, তথ্য অধিকার আইন, ২০০৯ ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ বিষয়ে ২টি সভা হয়েছে এবং এ বিষয়ে জনসচেতনতা বৃদ্ধিকরণের লক্ষ্যে ফ্লায়ার মুদ্রণের কাজ চলমান। | অধিকার আইন, ২০০৯ ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ বিষয়ে পরবর্তী কার্যক্রম নির্ধারিত সময়েরপূর্বেই সম্পন্ন করতে হবে। | সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা, SID |
| [১.৬] তথ্য অধিকার বিষয়ে কর্মকর্তাদের প্রশিক্ষণ আয়োজন<br>[১.৬.১] প্রশিক্ষণ আয়োজিত<br>সূচকের মান: ৩<br>লক্ষ্যমাত্রা: ৩<br>অগ্রগতি: ২ | সভাকে জানানো হয় যে, তথ্য অধিকার বিষয়ে কর্মকর্তাদের ২টি প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে। আগামী ১১/০৪/২০২২ তারিখ কর্মকর্তাদের আরো একটি প্রশিক্ষণ আয়োজন করা হবে। | যথাসময়ে পরবর্তী প্রশিক্ষণের আয়োজন করতে হবে। | সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা, SID |

৩। অতঃপর সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে কার্যক্রম শেষ করেন।

22.04.022

ড. শাহনাজ আরেফিন, *এনডিসি*
সচিব
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
তথ্য ব্যবস্থাপনা-১ শাখা
www.sid.gov.bd

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের এপিএ-এর ত্রৈমাসিক অগ্রগতি পর্যালোচনা সভায় উপস্থিত কর্মকর্তাগণের হাজিরা:

সভাপতি : ড. শাহনাজ আরেফিন, *এনডিসি,* সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
সভার স্থান : পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সভা কক্ষ (ব্লক-০১)
সভার তারিখ ও সময় : ০৭/০৪/২০২২ খ্রি.; বেলা: ১২ ঘটিকা

| ক্র: নং | কর্মকর্তার নাম ও পদবী | মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর | ই-মেইল ও মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১. | | | | |
| ২. | মোহাম্মদ তাজুল ইসলাম<br>মহাপরিচালক | বিবিএস | ০১৭২২৫৫০৭৫৪ | [signature] ০৭/৪ |
| ৩ | রেজাউল আহসান চৌধুরী<br>অতিরিক্ত সচিব | SID | 01748793022 | [signature] 09.08.2022 |
| ৪. | মো: শাহাবুদ্দিন খান<br>অতিরিক্ত সচিব | এসআইডি | ০১৮২০৫৫৬৮৬০ | [signature] |

| ক্র: নং | কর্মকর্তার নাম ও পদবী | মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর | ই-মেইল ও মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ৫. | | | | |
| ৬. | | | | |
| ৭. | | | | |
| ৮. | | | | |
| ৯. | | | | |
| ১০. | | | | |
| ১১. | | | | |
| ১২. | শিরীন রুবী<br>যুগ্মসচিব | SID | 01715-009230 | [illegible]<br>০৭/৪/২২ |

| ক্র: | কর্মকর্তার নাম ও পদবী | মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর | ই-মেইল ও মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১৩. | মোসাঃ নুরুন্নাহার খাতুন<br>উপসচিব | | | [signature] |
| ১৪. | মোছাঃ সুলতানা পারভীন<br>উপসচিব<br>SID | SID | 01716039851<br>dssultana73@gmail.com | [signature] 09/08/2022 |
| ১৫. | মোহাম্মদ খালেদ-উর-রহমান<br>উপসচিব<br>পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ | SID | 01815677124 | [signature] 09/8/2022 |
| ১৬. | মোঃ ফরিদ হোসেন<br>সিনিয়র সহকারী সচিব | SID | 01717-912546 | [signature] 09/08/22 |
| ১৭. | খন্দকার মাহফুজুর রহমান<br>ডিরেক্টর | SID | | [signature] |
| ১৮. | মেহনাজ আখতার<br>উপপরিচালক | BBS | 01723642663 | [signature] 09/08/2022 |
| ১৯. | কালাচাঁদ সরকার<br>সি: স: সচিব<br>SID | SID | 01916034519 | [signature] 09/08/22 |
| ২১. | এ.বি.এম. ফিরোজ মাহমুদ<br>সি: স: সচিব<br>SID | SID | 01779778511 | [signature] |

| ক্র: নং | কর্মকর্তার নাম ও পদবী | মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর | ই-মেইল ও মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ২২. | খন্দকার মোঃ মাহবুবুর রহমান<br>উপসচিব | SID | 01715-084253 | |
| ২৩. | মির্জা মো: আশরাফুল [illegible]<br>AME | SID | 01554321070 | |
| ২৪. | সৌমিত্র কুমার দাস<br>সহকারী সচিব | SID | 01553647299 | |
| ২৫. | | | | |
| ২৬. | | | | |
| ২৭. | | | | |
| ২৮. | মোঃ জাহাঙ্গীর আলম<br>প্রশাসনিক কর্মকর্তা | SID | 01916-412497 | |
| ২৯. | | | | |
| ৩০. | | | | |